



ডিন, কলা অনুষদ

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোন: ৫৮৬১৩৭৩৫, ৯৬৬১৯০০/৪৩৪০ (অফিস)

ফ্যাক্স: ৮৮০-২-৯৬৬৭২২২

E-mail : artsfaculty1921@gmail.com

১৩ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭টি সরকারি কলেজ
কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট ২০১৭-২০১৮

বিষয় পরিবর্তনের বিজ্ঞপ্তি

(শিক্ষার্থীদের করণীয়)

এইচ.এস.সি./সমমান পর্যায়ে বিজ্ঞান ও বাণিজ্য শাখা থেকে উত্তীর্ণ যেসকল শিক্ষার্থী কলা ও সামাজিক ইউনিটের আওতায় ভর্তি হয়েছে এবং বিষয় পরিবর্তন প্রক্রিয়া অংশগ্রহণ করেছে তাদের বিষয় পরিবর্তনের আবেদনের ফল আগামী ১৩ মে ২০১৮ তারিখ বিকাল ০৬.০০টা থেকে ওয়েব সাইটে পাওয়া যাবে। বিষয় পরিবর্তন প্রক্রিয়া সম্পন্ন করার নিয়মাবলি নিম্নরূপ :

১. আগামী ১৫ মে ২০১৮ তারিখ থেকে সংশ্লিষ্ট কলেজসমূহে বিষয় পরিবর্তন কার্যক্রম শুরু হবে।
২. বিষয় পরিবর্তন প্রক্রিয়ায় অংশ নিয়ে যেসকল শিক্ষার্থী পরিবর্তিত বিষয় পেয়েছে তাদেরকে নতুন প্রাপ্ত বিষয়েই অধ্যয়ন করতে হবে।
৩. শিক্ষার্থী বর্তমানে যে বিষয়ে অধ্যয়ন করছে সেই বিভাগ থেকে সরবরাহকৃত জনতা ব্যাংকের টাকা জমা দেওয়ার স্লিপ সংগ্রহ করবে।
৪. জনতা ব্যাংকে টাকা জমা স্লিপের এপিঠ-ওপিঠ দুই পিঠের নির্ধারিত স্থানসমূহ পূরণ করে জনতা ব্যাংকের অনলাইন সুবিধা সম্পন্ন নির্ধারিত শাখায় ৫০০/- (পাঁচশত টাকা) বিষয় পরিবর্তন ফি জমা দিতে হবে।
৫. ব্যাংকের টাকা জমা দেওয়ার পর ব্যাংক কর্তৃপক্ষের সিলমোহর সংবলিত জমা রশিদের অংশবিশেষের উভয় পিঠ ফটোকপি করে ফটোকপিটি নিজের কাছে সংরক্ষণ করবে এবং মূল অংশটি শিক্ষার্থী বর্তমানে যে বিভাগে অধ্যয়ন করছে সেই বিভাগের কার্যালয়ে জমা দিবে।
৬. শিক্ষার্থীর কাছে থাকা ফটোকপি অংশটি বর্তমান বরাদ্দকৃত বিভাগের অফিস কর্তৃক সত্যায়িত করিয়ে নিতে হবে।
৭. সত্যায়িত কপিটি প্রদর্শন সাপেক্ষে শিক্ষার্থী নতুন প্রাপ্ত বিভাগে অধ্যয়ন করতে পারবে।
৮. বিষয় পরিবর্তনের পুরো প্রক্রিয়াটি আগামী ১৭ মে ২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
৯. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট সকল তথ্যের জন্য নিজ নিজ কলেজে যোগাযোগ করতে হবে। এই সম্পর্কিত কোনো তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ ডিন অফিসে পাওয়া যাবে না।
১০. বিষয় পরিবর্তন সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন)

ডিন, কলা অনুষদ ও প্রধান সমন্বয়কারী

কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট